গোপনীয়তা নীতি

এই গোপনীয়তা নীতিতে ("নীতি") আমরা, Qualcomm Incorporated এবং আমাদের অধিভুক্ত সংস্থারা (যাদেরকে সামগ্রিকভাবে "আমরা", "আমাদের" বা "আমাদেরকে" বলা হবে), তারা আমরা কিভাবে ব্যক্তিগত ডেটা সংগ্রহ, ব্যবহার, প্রক্রিয়াকরণ এবং স্থানান্তরিত করছি সেই সম্পর্কে তথ্য দেবে। Qualcomm Incorporated এবং আমাদের অধিভুক্ত সংস্থারা হল একটি বিশ্বজনীন সংগঠন যারা বিশ্বজুড়ে আমাদের পরিচালিত ব্যবসা (আইনি সত্ত্বা), ব্যবসায়িক প্রক্রিয়া এবং ইনফর্মেশন সিস্টেম সম্পর্কিত ডেটা ভাগ করে। তাই, এই নীতির জন্য, আমরা ব্যাপকভাবে আমাদের ক্ষেত্রে প্রযোজ্য বহু গোপনীয়তা এবং ডেটা সুরক্ষা আইনকে অন্তর্ভুক্ত করতে "ব্যক্তিগত ডেটা" কথাটি ব্যবহার করব; "ব্যক্তিগত ডেটা" মানে হল কোন পরিচিত স্বাভাবিক ব্যক্তির তথ্য বা কোন স্বাভাবিক ব্যক্তিকে শনাক্ত করতে যুক্তিগ্রাহ্যভাবে ব্যবহার করা যায় এমন তথ্য (নিজে থেকে বা যুক্তিগ্রাহ্যভাবে উপলব্ধ অন্য ডেটার সাথে)।

পরিধি

এই নীতিটি আমাদের ওয়েবসাইট, প্রোডাক্ট, পরিষেবা, সফটওয়্যার বা যে অ্যাপগুলিতে আমরা এই নীতির সরাসরি কোন লিঙ্ক পোস্ট করি বা এই নীতির মধ্যে তার উল্লেখ করছি (যাকে সামগ্রিকভাবে "পরিষেবা" বলা হচ্ছে) সেইগুলিতেও প্রযোজ্য। এই নীতিটি শুধুমাত্র পরিষেবার মাধ্যমে সংগৃহীত ডেটাগুলিকেই অন্তর্ভুক্ত করে এবং অন্য কোন ডেটা সংগ্রহ বা প্রক্রিয়াকরণকে অন্তর্গত করে না, যার মধ্যে সীমাহীনভাবে ডেটা সংগ্রহের চর্চা বা ভিন্ন গোপনীয়তা নীতি বজায় রাখা অন্যান্য ডেটা পড়ে না। মাঝেমধ্যে, আমরা সমীক্ষা এবং বিশেষ উদ্দেশ্যে ব্যবহৃত ওয়েব-পৃষ্ঠার প্রসঙ্গেও এই নীতিটির উল্লেখ করি, যেমন, আমাদের পেশাসংক্রান্ত ওয়েব পৃষ্ঠাগুলির ক্ষেত্রে; সেইরকম ক্ষেত্রে, নির্দিষ্ট নোটিসে বা সম্মতি অনুরোধ করে সংশোধিত নীতিটিই প্রযোজ্য হবে (যেমন, সংগৃহীত ডেটার প্রকারভেদ বা সংগ্রহের উদ্দেশ্য দেখে)।

ডেটার প্রকারভেদ এবং সংগ্রহের পদ্ধতি

আমরা নিম্নলিখিত উপায়গুলির মাধ্যমে বিভিন্ন রকমের ব্যক্তিগত ডেটা সংগ্রহ করি। আমাদের সংগ্রহ করা ডেটার ক্ষেত্রে আপনার পছন্দ নির্ভর করে। আপনাকে যখন আমাদেরকে ডেটা দিতে

বলা হবে, তখন আপনি তা নাও দিতে চাইতে পারেন। কিন্তু যদি আপনি ডেটা দিতে অস্বীকার করেন, তাহলে আপনার প্রযোজ্য প্রোডাক্ট বা পরিষেবা ব্যবহার করার ক্ষমতা সীমিত বা হ্রাস করা হতে পারে।

আপনার জমা দেওয়া ডেটা। আমরা আপনার নাম, ইমেল ঠিকানা (গুলি), চিঠি লেখার ঠিকানা(গুলি), টেলিফোন নম্বর(গুলি), এবং আমাদের কাছ থেকে তথ্য চাওয়া, রেজিস্টার করা, কোন প্রোডাক্ট বা পরিষেবা অর্ডার করার সময় অথবা অন্যথায় নিজে থেকে এইরকম তথ্য পাঠানোর সময়ে আপনার উপস্থাপিত ব্যবসা সংক্রান্ত ডেটা সংগ্রহ করি। মাশুলযোগ্য পরিষেবা সম্পর্কে, আমরা পেমেন্টের তথ্য (যেমন ক্রেডিট কার্ডের নম্বর ও সংশ্লিষ্ট যাচাইকরণের ডেটা), ফোন নম্বর এবং বিল করার ও পাঠানোর ঠিকানাও সংগ্রহ করে থাকি।

আমরা আমাদের ওয়েবসাইটগুলি থেকে স্বয়ংক্রিয়ভাবে যে ডেটা সংগ্রহ করি। যখন আপনি আমাদের কোন একটি ওয়েবসাইটে আসেন, তখন আমরা আপনার কম্পিউটার বা মোবাইল ডিভাইস থেকে আপনার ব্রাউজারের প্রকার, অপারেটিং সিস্টেম, IP ঠিকানা, আপনি যে ডোমেন থেকে সাইটে ঢুকেছেন তার নাম, এবং যদি আপনি মোবাইল ডিভাইস থেকে আমাদের সাইটে প্রবেশ করেন, তাহলে মোবাইল ডিভাইসের প্রকার কি এইরকম সাধারণ ডেটা সংগ্রহ করি। তার সাথে, আপনি কিভাবে আমাদের ওয়েবসাইটগুলি ব্যবহার করছেন আমরা সেই ডেটাও সংগ্রহ করি, যেমন আপনি কোন সময়ে ও তারিখে সাইটে এসেছেন, আপনি সাইটের কোন কোন অংশ বা পৃষ্ঠাগুলিতে গেছেন, সাইটটিতে আপনি কতক্ষণ সময় কাটিয়েছেন, আপনি কতবার সাইটে ফিরে এসেছেন এবং অন্যান্য ক্লিক-স্ট্রীম ডেটা।

কুকিজ। আমাদের ওয়েবসাইট বা ওয়েব অ্যাপগুলি আপনি কিভাবে ব্যবহার করছেন সে সম্পর্কিত ডেটা সংগ্রহ করতে আমরা কুকি, ওয়েব বীকন বা অনুরূপ প্রযুক্তি ব্যবহার করে থাকি। কুকি হল একটি ছোট টেক্সট ফাইল যা আপনি যখন সাইটে প্রবেশ করেন তখন আপনার কম্পিউটারের হার্ড ড্রাইভে বা ডিভাইসে সংরক্ষিত হয়। আমরা আমাদের সাইট ও পরিষেবা চালনার জন্য কুকি ব্যবহার করি, যার মধ্যে নিম্নলিখিতগুসি অন্তর্ভুক্ত রয়েছে: (1) আপনাকে মনে রাখার জন্য, যাতে আপনাকে সাইটে ফিরে এলেও আবার একই তথ্য না দিতে হয়, (2) আপনাকে সাইটে কাস্টমাইজড বিষয় বা অফার দিতে; (3) সাইটের কার্যসম্পাদনে সাহায্য করতে, গবেষণা চালাতে, আমাদের বিষয় ও পরিষেবা উন্ন করতে পরিসংখ্যান জোগাড় করতে, এবং (4) আমাদের সাইট ও পরিষেবার নিরাপত্তা রক্ষা করতে।

আমরা ওয়েব অ্যানালিটিক্স পার্টনার্স, বিজ্ঞাপনদাতা, বা অ্যাড নেটওয়ার্কের মত অন্যান্য কোম্পানিকেও সাইটে তাদের কুকি বা ওয়েব বীকন (যাকে 1x1 pixel.gifs বা অ্যাকশন ট্যাগও বলা হয়) সেট করতে দিই। যেমন, আমাদের হয়ে ইন্টারনেট জুড়ে অ্যাড দিতে বা সাইটে অন্যান্য

কোম্পানির অ্যাড দেখাতে আমরা তৃতীয় পক্ষের বিজ্ঞাপনদাতা কোম্পানিগুলি ব্যবহার করে থাকি। এই তৃতীয় পক্ষের বিজ্ঞাপনদাতা কোম্পানিগুলি আমাদেরকে সমেত তাদের মক্কেলদের জন্য বিজ্ঞাপনের কার্যকারিতা পরিমাপ ও উন্নত করতে কুকি এবং ওয়েব বীকন ব্যবহার করতে পারে। সেটি করতে গেলে, এই কোম্পানিগুলিকে আমাদের সাইটে এবং অন্যান্য ওয়েবসাইটে সময়ের সাথে সাথে আপনার পরিদর্শন সংক্রান্ত ডেটা ব্যবহার করতে হয়। এই ডেটার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: দেখানো বিজ্ঞাপনের সময়/তারিখ, তাদের কুকিতে থাকা অনন্য শনাক্তকারী, এবং আপনার ডিভাইসের IP ঠিকানা। এই ডেটাটি বিজ্ঞাপনগুলি নিজের মত করতেও ব্যবহার করা হতে পারে যাতে আপনি আপনার আগ্রহের পরিষেবা ও পণ্যের বিজ্ঞাপনগুলিই বেশি দেখতে পারেন। যদি আপনি এই চর্চাটি এবং ব্যক্তিগত বিজ্ঞাপনের পছন্দ সম্পর্কে আরো জানতে চান তাহলে, এই অনির্বাচনের নিবন্ধটি দেখুন।

আপনি কুকি খারিজ করে দিতেই পারেন, কিন্তু সেটি করলে, আপনি হয়তো সাইটের কিছু বৈশিষ্ট্য ব্যবহার করতে পারবেন না বা আমাদের প্রস্তাবিত সব জিনিসের সম্পূর্ণ সুবিধা নিতে পারবেন না। আপনার কুকি পছন্দগুলি কিভাবে পাল্টাতে হবে তা জানার জন্য আপনার ব্রাউজারের "হেল্প" মেনুতে দেখুন। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের কুকি নীতি দেখুন।

সফটওয়্যার এবং অ্যাপ: Qualcomm Incorporated-এর অধিভুক্ত সংস্থারা মোবাইল ডিভাইসের জন্য বিভিন্ন ধরনের সফটওয়্যার ও অ্যাপ্লিকেশন তৈরি করে যা মোবাইল ডিভাইসের কার্যসম্পাদন উন্নত করতে, ব্যাটারির পাওয়ার সংরক্ষণ করতে, ডিভাইসের সুরক্ষা উন্নত করতে বা অন্যান্য সুবিধা দিতে সাহায্য করতে পারে। এই সফটওয়্যার অ্যাপ্লিকেশনগুলির মাধ্যমে, আমরা হয়তো অবস্থানের ডেটা, অনন্য শনাক্তকারী (যেমন চিপসেট সিরিয়াল নম্বর বা আন্তর্জাতিক সদস্যপদের ID), ডিভাইসে ইনস্টল করা এবং/অথবা চলা অ্যাপ্লিকেশন সম্পর্কিত ডেটা, গঠন, মডেল এবং ওয়্যারলেস ক্যারিয়ার, অপারেটিং সিস্টেম ও সংস্করণের ডেটা, সফটওয়্যার বিল্ড ডেটার মত কনফিগারেশনের ডেটা ও চিপসেটের কাজ করার ক্ষমতা, ব্যাটারীর ব্যবহার এবং থার্মাল ডেটার মত ডিভাইসের কার্যসম্পাদনের ডেটা সংগ্রহ করতে পারি। আরো জানুন

তৃতীয় পক্ষের উৎসসমূহ: আমরা ডেটা ব্রোকার, সোশ্যাল নেটওয়ার্ক, অন্যান্য সহযোগী, বা প্রকাশ্য উৎসের মত তৃতীয় পক্ষের উৎস থেকেও ব্যক্তিগত ডেটা জোগাড় করতে পারি।

সংগ্রহের উদ্দেশ্য, ডেটার ব্যবহার

আপনি যে প্রোডাক্টগুলি ব্যবহার করছেন তা দিতে, আমাদের ব্যবসা চালাতে, আমাদের চুক্তিগত এবং আইনি বাধ্যতা পূরণ করতে, আমাদের সিস্টেমের ও গ্রাহকদের সুরক্ষা রক্ষার্থে, বা অন্যান্য

বৈধ স্বার্থ পূরণের জন্য আপনার অনুমতি নিয়ে এবং/অথবা যেরকম প্রয়োজনীয় সেভাবে আমরা আপনার সম্পর্কিত ব্যক্তিগত ডেটা সংগ্রহ ও প্রক্রিয়াকরণ করতে পারি। আমরা যে কারণে ডেটা সংগ্রহ ও ব্যবহার করি তার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- আপনার করা তথ্যের অনুরোধ, বা কোন পরিষেবায় সদস্যপদ নেওয়া অথবা কোন প্রোডাক্ট কিনতে চাওয়ার অনুরোধের মত আপনার পাঠানো অনুরোধে সাড়া দিতে;
- আপনার অনুরোধের পরিষেবা(গুলি) দিতে, পরিচালনা করতে, রক্ষা করতে এবং নিরাপদ রাখতে;
- আমাদের পরিষেবা এবং আমাদের সিস্টেম প্রয়োগ, রক্ষা এবং উন্নত করাসহ আমাদের ব্যবসা চালাতে এবং আরো ভালো করতে, নতুন প্রোডাক্ট ও পরিষেবা তৈরী করতে, এবং অন্যান্য আভ্যন্তরীণ বাণিজ্যিক উদ্দেশ্যে;
- আমাদের পরিষেবাগুলির ব্যবহারকারীদের পছন্দ আরো ভালোভাবে বুঝতে, আমাদের পরিষেবার ব্যবহার সম্পর্কিত গড় পরিসংখ্যান একত্রিত করতে, এবং আমাদের ওয়েবসাইট ও পরিষেবার অভিজ্ঞতা ব্যক্তিগত পছন্দ অনুসারে করায় সাহায্য করতে;
- আপনাদেরকে আমাদের প্রযুক্তি প্রোডাক্ট বা পরিষেবা প্রকাশ এবং যোগাযোগের অন্য তথ্য দিতে; এবং
- এই নীতিতে আমরা বর্ণনা করেছি এমন অন্য কোন ব্যবহারে বা যখন আমরা ডেটাটি সংগ্রহ করেছি।

এই উদ্দেশ্যগুলি সাধনের জন্য, এবং প্রযোজ্য আইনে যতটা অনুমোদিত, আমরা ততটাই বিভিন্ন উৎস থেকে সংগৃহীত বিভিন্ন ধরনের ডেটা মেশানোর চেষ্টা করি।

আমরা কোথায় ডেটা রাখি এবং প্রক্রিয়াকরণ করি

আমরা ইউনাইটেড স্টেটসে এবং বিশ্বজোড়া সার্ভারে ডেটা সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ করি, যার মধ্যে সীমাহীনভাবে এশিয়া, ও ইউরোপীয় ইকোনমিক এরিয়াও অন্তর্ভুক্ত রয়েছে। এই নীতি অনুসারে আমরা যেখানেই ব্যক্তিগত ডেটা সংরক্ষণ বা প্রক্রিয়াকরণ করি না কেন, ডেটাটি যাতে এই নীতি অনুসারে এবং প্রযোজ্য আইন মেনে প্রক্রিয়াকৃত হয় তা নিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা নিই।

আমরা ইউরোপীয় ইকোনমিক এরিয়া থেকে অন্যান্য দেশে ব্যক্তিগত ডেটা পাঠিয়ে থাকি, যার মধ্যে কিছু দেশের ডেটা সুরক্ষার মাত্রা পর্যাপ্ত নয় বলেই ইউরোপীয়ান কমিশন নির্ধারণ করেছে।

যখন আমরা এটি কি, তখন আমরা স্থানান্তরটি সম্পন্ন করতে বিভিন্ন ধরনের আইনি কৌশল (যেমন আপনার সম্মতি বা আইনি চুক্তি) ব্যবহার করি।

ব্যক্তিগত ডেটার প্রকাশ

আমরা Qualcomm (এর অধিভুক্ত সংস্থাসহ)-এর মধ্যে আপনার ব্যক্তিগত ডেটায় প্রবেশ করতে পারি এবং তৃতীয় পক্ষের বিক্রেতা বা পরিষেবা প্রদানকারীদের সাথে ডেটা ভাগও করতে পারি যাঁরা এই নীতিতে বর্ণিত উদ্দেশ্যের জন্য আমাদের হয়ে ডেটা প্রক্রিয়াকরণ করেন। আমরা আমাদের বাণিজ্যিক খদ্দেরদের কর্মচারী এবং কর্মীদের প্রশিক্ষণ বা অন্যান্য পরিষেবাও প্রদান করতে পারি। এইরকম পরিস্থিতিতে, আমরা হয়তো পরিচিত বাণিজ্যিক খদ্দেরদের সাথে তাঁদের ব্যবসায়িক ব্যবহারের জন্য আমাদের প্রশিক্ষণ এবং অন্যান্য পরিষেবা সংক্রান্ত ডেটা ভাগ করতে পারি। আমরা আইনি প্রয়োজনে বা আমাদের অথবা অন্যদের আইনি অধিকার চর্চা বা সুরক্ষার স্বার্থেও আপনার ডেটা ভাগ করতে পারি, যেমন সীমাহীনভাবে, আইন বলবৎকারী আধিকারিকদের অনুরোধ ও আদালতের বিচারের প্রসঙ্গে। আমরা হয়তো আমাদের ব্যবসার সম্ভাব্য বা বাস্তব সেল, মিশ্রিতকরণ, স্থানান্তর অথবা সম্পূর্ণ বা আংশিক পুনর্গঠনের সাথে জড়িত আপনার ডেটা ভাগ করতে বা স্থানান্তরিত করতে পারি। শেষে, আপনি যেখানে আমাদেরকে অনুমতি দিয়েছেন সেখানে আমরা হয়তো আপনার ব্যক্তিগত ডেটা ভাগও করতে পারি।

আপনার বিকল্পগুলি

নির্বাচন/অনির্বাচন করুন। ইমেল মার্কেটিংয়ের মত কিছু পরিস্থিতিতে, আমরা আপনাদেরকে কিছু ধরনের ডেটা সংগ্রহ, ব্যবহার বা ভাগ করার বিকল্প বাছার বা তা থেকে বেরিয়ে আসার ক্ষমতা দেব। এইরকম পরিস্থিতিতে, আমরা আপনার পছন্দকে সম্মান করব।

ডেটা বিষয়ক অধিকারসমূহ। কিছু দেশ বা প্রদেশের আইন আপনাকে আপনার ব্যক্তিগত ডেটা অ্যাক্সেস, সংশোধন, মোছা, সীমাবদ্ধ করা বা ডেটা সম্পকিত অন্যান্য অধিকারগুলি অনুরোধ করার অনুমতি দেয়। ওই অধিকারগুলি প্রয়োগ করতে এখানে ক্লিক করুন.

ট্র্যাক করবেন না। আমরা বর্তমানে ওয়েব ব্রাউজারের পাঠানো "ডু নট ট্র্যাক" ("DNT") সিগন্যালগুলিতে সাড়া দিই না। ডিএনটি সিগন্যাল কিভাবে ব্যাখ্যা করা যাবে এবং সেগুলি গ্রহণ করা ওয়েবসাইট এবং তৃতীয় পক্ষের দ্বারা কি পদক্ষেপ নেওয়া হবে তা নির্ধারণ করার জন্য এখনো কোন অভিন্ন মান অবলম্বন করা হয়নি। যাইহোক, আপনি ডেটা সংগ্রহ ও ব্যবহার নিয়ন্ত্রণ করার

অন্যান্য বিভিন্ন পদ্ধতি ব্যবহার করতে পারেন যার মধ্যে আপনার ব্রাউজার সেটিংসে কুকি কন্ট্রোল এবং উপরের কুকি বিভাগে দেওয়া ব্যক্তিগত বিজ্ঞাপনের নিয়ন্ত্রণ ব্যবহার করাও অন্তর্ভুক্ত রয়েছে।

তথ্য সঞ্চয়

আপনার অ্যাকাউন্ট সক্রিয় থাকার সময়, আপনাকে পরিষেবা দিতে যেরকম প্রয়োজনীয় আমরা সেরকমভাবে ব্যক্তিগত ডেটা রেখে দেব। যে বাণিজ্যিক কারণের জন্য ডেটাটি সংগ্রহ করা হয়েছিল সেটির আর দরকার না থাকলে আমরা যুক্তিসঙ্গত সময়ের পরে ব্যক্তিগত ডেটা মুছে দেব। যাইহোক, আমরা আমাদের আইনি বাধ্যতা পালন করতে, সংঘাত মেটাতে এবং আপনাদের চুক্তিগুলি বলবৎ করতে প্রয়োজন অনুসারে ব্যক্তিগত ডেটা রেখে দেব এবং ব্যবহার করব।

নিরাপত্তা

ইন্টারনেটে প্রেরণের ব্যাপারটি কখনোই 100% নিরাপদ বা ত্রুটিমুক্ত নয়। যাইহোক, আপনার ডেটা যাতে না হারায়, অপব্যবহৃত না হয়, এবং অননুমোদিত প্রবেশাধিকার, প্রকাশ, পরিবর্তন এবং নষ্ট হওয়ার হাত থেকে আপনার ডেটা বাঁচাতে আমরা যথাযথ পদক্ষেপ নিই। আপনার পাসওয়ার্ড এবং ইউজার আইডি সুরক্ষিত রাখার এবং যদি আপনি কোন সময় সন্দেহ করেন যে আমাদের কোন পরিষেবার জন্য আপনার পাসওয়ার্ড বা ইউজার আইডি নিয়ে আপোষ করা হয়েছে তাহলে নীচে দেওয়া যোগাযোগের পদ্ধতির যে কোনটিতে আমাদের জানানোর দায়িত্ব আপনার। আপনার পাসওয়ার্ড এবং ইউজার আইডির মাধ্যমে আমাদের পরিষেবার অননুমোদিত ব্যবহারের জন্য আপনিই দায়ী হবেন।

শিশুদের গোপনীয়তা

আমাদের পরিষেবাগুলি প্রাপ্তবয়স্কদের জন্য লক্ষিত। আমরা আইনে নির্ধারিত অনুসারে ইচ্ছাপূর্বক বা জ্ঞাতসারে শিশুদের থেকে ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য সংগ্রহ করি না এবং এটারও অনুরোধ করছি যাতে শিশুরা আমাদের কাছে কোন ব্যক্তিগত ডেটা জমা না দেয়।

সংশোধনী

আমরা যে কোন সময়ে এই নীতিটির অংশবিশেষ পরিবর্তন, সংশোধন, যোগ বা অপসারণ করার অধিকার রাখি, কিন্তু শেষ আপডেট হওয়ার তারিখটি নীতিতে দিয়ে আমরা আপনাকে পরিবর্তন সম্পর্কে সচেতন করে দেব। যদি আমরা বাস্তবে নীতিটির পরিবর্তন করি, তাহলে আমরা আপনাকে

অন্ততঃ তিরিশ দিনে আগে আপনাকে যথাযথ লিখিত নোটিস দেব এবং আপনার স্পষ্ট সম্মতি নেব যা আইনিভাবে প্রয়োজনীয়। যখন আপনি আমাদের ওয়েবসাইটে আসবেন বা আমাদের পরিষেবা ব্যবহার করবেন, তখন আপনি এই নীতিটির বর্তমান সংস্করণ স্বীকার করবেন। আমরা প্রস্তাব দেব যে ব্যবহারকারীরা যেন মাঝেমধ্যে কোন পরিবর্তন হয়েছে কিনা দেখতে এই নীতিটি দেখে যান।

আমাদের সাথে যোগাযোগ করুন

আমাদের সাথে যোগাযোগ করতে আমাদেরকে privacy[at]qualcomm[dot]com-এ ইমেল করুন বা এই ঠিকানায় লিখুন Qualcomm Incorporated, Attn. Privacy Counsel, 5775 Morehouse Drive, San Diego, CA 92121.

কার্যকর হওয়ার তারিখ: 30শে এপ্রিল, 2019

©2019 Qualcomm Technologies, Inc. এবং/অথবা এর অধিভুক্ত কোম্পানিরা।